

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: ঈদের সালাত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ঈদগাহে চিহ্ন রাখা

বর্ণনাকারী বলেন, আব্দুর রহমান ইবন 'আবেস আমার নিকট হাদীস বর্ণনা করেন, তিনি বলেন, আমি ইবন 'আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমাকে শুনেছি,

قِيلَ لَهُ: أَشَهِدْتَ العِيدَ مَعَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: «نَعَمْ، وَلَوْلاَ مَكَانِي مِنَ الصِّغَرِ مَا شَهِدْتُهُ حَتَّى أَتَى العَلَمَ الَّذِي عِنْدَ دَارِ كَثِيرِ بْنِ الصَّلْتِ، فَصَلَّى، ثُمَّ خَطَبَ، ثُمَّ أَتَى النِّسَاءَ وَمَعَهُ بِلاَلٌ، فَوَعَظَهُنَّ، وَذَكَّرَهُنَّ، وَأَمَرَهُنَّ بِاللَهِ عَنْدَ دَارِ كَثِيرِ بْنِ الصَّلْتِ، فَصَلَّى، ثُمَّ خَطَبَ، ثُمَّ أَتَى النِّسَاءَ وَمَعَهُ بِلاَلٌ، فَوَعَظَهُنَّ، وَذَكَّرَهُنَّ، وَأَمْرَهُنَّ بِاللهِ عَلَيْ الْعَلَقَ هُو وَبِلاَلٌ إِلَى بَيْتِهِ»

"তাকে জিজ্ঞাসা করা হয়, আপনি কি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের সঙ্গে কখনো ঈদে উপস্থিত হয়েছেন? তিনি বললেন হ্যাঁ। যদি তার কাছে আমার মর্যাদা না থাকত তা হলে কম বয়সী হওয়ার কারণে আমি ঈদে উপস্থিত থেকে পারতাম না। তিনি বের হয়ে কাসীর ইবন সালতের গৃহের কাছে স্থাপিত নিশানার কাছে এলেন এবং সালাত আদায় করলেন। এরপর খুতবা দিলেন। তারপর তিনি মহিলাগনের নিকট উপস্থিত হলেন। তখন তার সংঙ্গে বিলাল রাদিয়াল্লাহ্থ 'আনহু ছিলেন। তিনি তখন মহিলাদের উপদেশ দিলেন, নসীহত করলেন এবং দান সদকা করার জন্য নির্দেশ দিলেন। আমি তখন মহিলাদের নিজ নিজ হাত বাড়িয়ে বিলাল রাদিয়াল্লাহ্থ 'আনহুর কাপড়ে দান সামগ্রী ফেলতে দেখলাম। এরপর তিনি এবং বিলাল রাদিয়াল্লাহ্ছ 'আনহু নিজ বাড়ির দিকে চলে গেলেন।"[1]

>

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৯৭৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10973

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন